

এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ভূগোল ও পরিবেশ বিষয় কোড:

১	১	০
---	---	---

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১.▶ একটি স্কুলের শিক্ষার্থীরা পৃথিবী ও এর পরিবেশ রক্ষা বিষয়ক এক বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে যেখানে বক্তারা বলেন, ভূগোল ও পরিবেশ একে অপরের সাথে সম্পর্কিত। বিতর্কের পক্ষে-বিপক্ষে যুক্তিতর্ক খণ্ডানোর পর শিক্ষার্থীরা উক্ত বিষয়টি পাঠের গুরুত্ব অনুধাবন করে।

- ক. ভূগোল কাকে বলে? ১
- খ. মানুষের অর্থনৈতিক কার্যাবলির উপর পরিবেশের প্রভাব উল্লেখ করো। ২
- গ. উদ্দীপকে ভূগোল ও পরিবেশের সম্পর্ক নিয়ে আলোচনাটি ব্যাখ্যা করো। ৩
- ঘ. শিক্ষার্থীরা কিসের গুরুত্ব অনুধাবন করল বিশ্লেষণ করো। ৪

২.▶



বিভিন্ন নক্ষত্রের অবস্থান

- ক. কত দিনে অধিবর্ষ হয়? ১
- খ. উল্কাপাত কেন হয়? ২
- গ. চিত্রে কোন নক্ষত্রটি সৌরজগতের তাপের একমাত্র উৎস— ব্যাখ্যা করো। ৩
- ঘ. মানবজীবনে নক্ষত্রের প্রভাব বিশ্লেষণ করো। ৪

৩.► সূর্যের একটি বিচ্ছিন্ন অংশ কালক্রমে তাপ বিকিরণ করে বর্তনী পৃথিবীর আকার ধারণ করেছে। ভূপৃষ্ঠ থেকে পৃথিবীর কেন্দ্র পর্যন্ত গঠনগত উপাদানগুলোর মধ্যে ভিন্নতা পরিলক্ষিত হয়।

- ক. ভূমিকম্প কাকে বলে? ১
 খ. শিলা ও খনিজের পার্থক্য লেখো। ২
 গ. চিত্র অংকন করে পৃথিবীর অভ্যন্তরীণ স্তরবিন্যাস চিহ্নিত করো। ৩
 ঘ. ভূ-পৃষ্ঠ থেকে পৃথিবীর কেন্দ্র পর্যন্ত বিভিন্ন স্তরের উপাদানগুলোর ভিন্নতা রয়েছে। যুক্তি দাও। ৪

৪.► 'M' এবং 'N' দুটি ভিন্ন বসতির বাসিন্দা। 'M' এর বসবাসরত ছোট গ্রামটিতে কয়েকটি পরিবার একত্রিত হয়ে বাস করে। অন্যদিকে, 'N' এর বাস করা বসতি হলো অতিক্ষুদ্র পরিবারভুক্ত বসতি।

- ক. ফ্রান্সের লে-হাভার কোন ধরনের নগর? ১
 খ. কক্সবাজারে বিনোদন কেন্দ্র গড়ে উঠার কারণ কী? ব্যাখ্যা করো। ২
 গ. 'N' এর বসতির বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩
 ঘ. উক্ত দুই ধরনের বসতির তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৫.►


ফসলের নাম	মৃত্তিকা
X	নদীর অববাহিকায় পলিযুক্ত দোআঁশ মাটি
Y	পানি নিষ্কাশন বিশিষ্ট ঢালু ভূমি

- ক. হরিপুরে প্রাকৃতিক গ্যাসের কূপ থেকে দৈনিক কি পরিমাণ তেল উত্তোলন করা হয়? ১
 খ. প্রাকৃতিক গ্যাসের ব্যবহার লেখো। ২
 গ. উদ্দীপকে 'Y' ফসলটি বাংলাদেশের অর্থনৈতিকে কতটুকু গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? ব্যাখ্যা করো। ৩
 ঘ. 'X' ও 'Y' ফসল দুটি মধ্যে কোন ফসলটি বাংলাদেশের কুটির শিল্পের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৬. ▶ জামিলা তার দাদুর সাথে সিলেটে বেড়াতে গেল। চা বাগান দেখার জন্য সে পাহাড়ে যাওয়ার পথে দেখতে পেল পাহাড়ের এক পাশে বৃষ্টিপাত হচ্ছে। অপরদিকে বৃষ্টিহীন।

- ক. বায়ুমণ্ডল কী? ১
খ. জীবজন্তুর ওপর বায়ুমণ্ডলের প্রভাব বেশি কেন? ২
গ. উদ্দীপকে পাহাড়ের অন্য দিকে বৃষ্টি হয় না কেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত বৃষ্টিপাত ছাড়া বাংলাদেশকে আব্রু কী কী ধরনের বৃষ্টিপাত হয় এবং কেন? আলোচনা করো।

৭. ▶



- ক. দোয়াব কাকে বলে? ১
খ. কীভাবে আগ্নেয় পর্বত গঠিত হয়? ২
গ. চিত্রে A থেকে C পর্যন্ত নদীর গতিপথ বিশ্লেষণ করো। ৩
ঘ. চিত্রে A অঞ্চলের ভূমিবৃপগুলোর গঠন প্রক্রিয়া লেখো। ৪

৮. ▶ রিয়া ইন্টারনেটে বিভিন্ন মানচিত্র দেখছিল। সে প্রথমে লক্ষ্য করল কিছু মানচিত্রে, পাহাড়, পর্বত ইত্যাদি সম্পর্কে তথ্য রয়েছে। এরপর সে দেখল কিছু মানচিত্রে বিভিন্ন দেশ ও রাষ্ট্রের সীমানা, ঐতিহাসিক স্থান দেখানো হয়েছে।

- ক. স্থানীয় সময় কাকে বলে? ১
খ. জিপিএস এর ব্যবহার লেখো। ২
গ. উদ্দীপকে রিয়া প্রথমে কোন ধরনের মানচিত্র দেখেছে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে রিয়ার পরের দেখা মানচিত্রের শ্রেণিবিভাগ বিশ্লেষণ করো। ৪

৯. ▶ সম্প্রতি মিয়ানমারের রাখাইন প্রদেশের মিয়ানমার সেনাবাহিনীর হামলায় হাজার হাজার রোহিঙ্গা প্রাণ বাঁচাতে পাশ্চবর্তী দেশ বাংলাদেশে আশ্রয় নেয়।

- ক. বর্তমান বিশ্বের প্রধান সমস্যা কী? ১
- খ. জনসংখ্যা পিরামিড বলতে কী বোঝায়? ২
- গ. বাংলাদেশে আশ্রয় রোহিঙ্গাদের কোন ধরনের অভিগমন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. রোহিঙ্গাদের অভিগমন বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে কী পরিবর্তন আনতে পারে— ব্যাখ্যা করো। ৪

১০. ▶



- ক. পচনশীল পণ্য পরিবহনের কার্যকর পথ কোনটি? ১
- খ. সড়কপথ গড়ে উঠার নিয়ামক ব্যাখ্যা করো। ২
- গ. চিত্রে 'M' হতে 'N' অঞ্চলে পণ্য পরিবহনের জন্য কোন ধরনের পথ ব্যবহার সুবিধাজনক বলে তুমি মনে করো? ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্দীপকে 'N' অঞ্চলে সব ধরনের যোগাযোগ মাধ্যম ব্যবহার করা সম্ভব নয় কেন— যুক্তি দাও। ৪

১১. ▶ রহমান সাহেব তাঁর উপকূলীয় এলাকার মানুষের কষ্টের কথা ভেবে একটি পাকা মজবুত আশ্রয়কেন্দ্র নির্মাণ করেন। এবার ঘূর্ণিঝড়ের সময় এলাকার মানুষ তার নির্মিত আশ্রয় কেন্দ্র ও সরকারি আশ্রয় কেন্দ্রে আশ্রয় নেয়।

- ক. বন্যা কী ধরনের দুর্যোগ? ১
- খ. খরা কীভাবে নিয়ন্ত্রণ করা যায়? ২
- গ. রহমান সাহেবের এটি দুর্যোগ ব্যবস্থাপনার কোন উপাদানের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
- ঘ. উক্ত আশ্রয়কেন্দ্রগুলোই দুর্যোগ মোকাবিলায় অধিক সহায়ক মতামত দাও। ৪

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে

সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।

১. পৃথিবীর গঠন প্রক্রিয়া নিয়ে আলোচনা করা হয়
ভূগোলের কোন শাখায়?
ক) প্রাকৃতিক ভূগোল
খ) ভূমিরূপ বিদ্যা
গ) জলবায়ু বিদ্যা
ঘ) সমুদ্র বিদ্যা
২. Geography শব্দটির অর্থ কী?
ক) ভূ
খ) পৃথিবীর বর্ণনা
গ) বর্ণনা
ঘ) ভৌগোলিক বর্ণনা
৩. জলন্ত গ্যাসফিল্ড কী?
ক) কৃষ্ণমানব
খ) নক্ষত্র
গ) গ্রহ
ঘ) উল্কা
৪. পৃথিবী থেকে নক্ষত্রের দূরত্ব কোন এককে
মাপা হয়?
ক) কিলোমিটার
খ) মিটার
গ) আলোকবর্ষ
ঘ) সেকেন্ড
৫. কোন গ্রহের ২২টি উপগ্রহ আছে?
ক) বুধ
খ) মঙ্গল
গ) শনি
ঘ) পৃথিবী
৬. রাজনৈতিক মানচিত্রে দেখানো হয়—
i. দেশের রাজধানী
ii. জনসংখ্যা
iii. রাষ্ট্রের সীমা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
৭. ভূ-পৃষ্ঠের বিভিন্ন জায়গায় মৃত্তিকার ভিন্নতার
কারণ—
i. শিলার গঠন
ii. শিলার ধর্ম
iii. শিলার বর্ণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
৮. তামা কয়টি মৌল দ্বারা গঠিত?
ক) ১
খ) ২
গ) ৩
ঘ) ৪
৯. সুনামি কী?
ক) হিমবাহ
খ) ঘূর্ণিঝড়
গ) বালিয়াড়ি
ঘ) সামুদ্রিক
১০. কোন সাগরে স্রোত প্রবাহিত হয় না?
ক) উষ্ণ সাগর
খ) ভারত মহাসাগর
গ) প্রশান্ত মহাসাগর
ঘ) আরব সাগর
১১. পানি কয়টি অবস্থা থাকে?
ক) ১
খ) ২
গ) ৩
ঘ) ৪
১২. সমুদ্রস্রোতের প্রধান কারণ—
ক) আর্হিক গতি
খ) বার্ষিক গতি
গ) জোয়ার ভাটা
ঘ) বায়ুপ্রবাহ
১৩. স্থূল মৃত্যুহার কিসে প্রকাশ করা হয়?
ক) লক্ষ
খ) কোটিতে
গ) সহস্র
ঘ) শতকে
১৪. জনসংখ্যা বৃদ্ধির প্রাকৃতিক নিয়ামক কোনটি?
ক) ভূ-প্রকৃতি
খ) খনিজ সম্পদ
গ) পরিবহন
ঘ) সংস্কৃতি
১৫. গ্রামীণ বসতি কিসের উপর নির্ভরশীল?
ক) ব্যবসা
খ) কৃষি
গ) শিল্প
ঘ) মৎস্য শিকার
১৬. খেবস নগরী কোন নদীর অববাহিকায় গড়ে
উঠেছিল?
ক) নীল
খ) সিন্ধু
গ) গঙ্গা
ঘ) আমুর

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:

রফিক যে শিল্প প্রতিষ্ঠানে চাকরি করে তার বিপুল শ্রমিক সংখ্যা, বিশাল মূলধন ও ব্যাপক অবকাঠামো রয়েছে।

১৭. রফিক কোন শিল্পে কারখানায় কাজ করে?

- ক) সাইকেল
- খ) রেডিও কারখানা
- গ) মোটরগাড়ি
- ঘ) টেলিভিশন কারখানা

১৮. এ ধরনের শিল্পের অবস্থান হয়—

- i. শহরের পাশে
- ii. শহরের কাছাকাছি
- iii. শহরের ভিতরে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

১৯. পৃথিবীর অন্যতম বৃহৎ বহীপের নাম কী?

- ক) মালদ্বীপ
- খ) আন্দামান
- গ) বাংলাদেশ
- ঘ) জাভা

২০. বরেন্দ্র ভূমির মাটির রং কেমন?

- ক) ধূসর
- খ) কালো
- গ) লাল ও কালো
- ঘ) ধূসর ও লাল

২১. লালমাই পাহাড় কোন জেলায় অবস্থিত?

- ক) গাজিপুর
- খ) টাঙ্গাইল
- গ) কুমিল্লা
- ঘ) ডেমরা

২২. কোনটি মেঘনার উপনদী?

- ক) ধরলা
- খ) গোমতী
- গ) হালদা
- ঘ) তিতাস

* বি.দ্র. : খ ও গ উভয়েই।

২৩. বাংলাদেশের অর্থকরী ফসল কোনটি?

- ক) আখ
- খ) ধান
- গ) চা
- ঘ) গম

* বি.দ্র. : খ ও গ উভয়েই।

২৪. বাংলাদেশের পরিবহন ব্যবস্থা কয় ধরনের?

- ক) ২
- খ) ৩
- গ) ৪
- ঘ) ৫

২৫. আমাদের দেশে বনভূমির পরিমাণ কত?

- ক) ১৭%
- খ) ২৫%
- গ) ২৭%
- ঘ) ২৮%

২৬. বাংলাদেশের প্রধান রপ্তানি দ্রব্য কোনটি?

- ক) খাদ্য সামগ্রী
- খ) কৃষি দ্রব্য
- গ) চামড়া
- ঘ) ওষুধ

২৭. বাংলাদেশে বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ কত মিলিমিটার?

- ক) ২১০০
- খ) ২২০০
- গ) ২৩০০
- ঘ) ২৪০০

২৮. বাংলাদেশ দুর্যোগ প্রস্তুতি কেন্দ্রের অপর নাম কী?

- ক) সিসিডিবি
- খ) বিডিজিবি
- গ) প্রশিকা
- ঘ) বিডিপিসি

২৯. বাংলাদেশের আন্তর্জাতিক নদী কতগুলো?

- ক) ৫৪টি
- খ) ৫৫টি
- গ) ৫৬টি
- ঘ) ৫৭টি

৩০. স্পারসো হলো একটি—

- ক) সরকারি সংস্থা
- খ) বেসরকারি সংস্থা
- গ) ব্যক্তিগত সংস্থা
- ঘ) আন্তর্জাতিক সংস্থা

উত্তর	১	ক	২	খ	৩	ঘ	৪	গ	৫	গ	৬	খ	৭	ঘ	৮	ক	৯	ঘ	১০	ক	১১	গ	১২	ঘ	১৩	গ	১৪	ক	১৫	খ
	১৬	ক	১৭	গ	১৮	ক	১৯	গ	২০	ঘ	২১	গ	২২	*	২৩	*	২৪	খ	২৫	ক	২৬	গ	২৭	গ	২৮	ঘ	২৯	ঘ	৩০	ক